'সমানো মন্ত্রঃ সমিতিঃ সমানী'

# UNIVERSITY OF NORTH BENGAL

B.A./B.Com. Programme 3rd Semester Examination, 2024

## LCC1-P2-BENGALI

## বাংলা ব্যাকরণ

**NEW & RE-REVISED SYLLABUS**

Time Allotted: 2 Hours | Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

১। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২

(ক) অপিনিহিতি কাকে বলে ? উদাহরণ দাও।

(খ) কারক-বিভক্তি নির্ণয় করোঃ

(অ) ব্যায়ামে দেহ সুগঠিত হয়।

(আ) চেষ্টায় বিরত হইও না।

(ই) আমি রেলগাড়ি দেখবো বাবা।

(গ) উপসর্গ যোগে তিনটি শব্দ গঠন করো।

(ঘ) মৌলিক স্বরধ্বনি কাকে বলে ? একে কয় ভাগে ভাগ করা যায় ও কী কী ?

(ঙ) নিম্নলিখিত শব্দগুলির অর্থ লেখোঃ

শারদা-সারদা, কূল-কুল, বান-বাণ

(চ) শূন্য বিভক্তি কাকে বলে ? শূন্য বিভক্তি ব্যবহারের একটি উদাহরণ দাও।

২। নিম্নলিখিত যে-কোনো ***চারটি*** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪

(ক) উচ্চারণ প্রকৃতি অনুযায়ী বাংলা স্বরধ্বনিগুলি বিন্যস্ত করো।

(খ) এক কথায় প্রকাশ করোঃ

(অ) ঋষির উক্তি।

(আ) যিনি বিদেশে থাকেন না।

(ই) উপস্থিত বুদ্ধি আছে যার।

(ঈ) পাখির ডাক।

(উ) গণিত জানেন যিনি।

(ঊ) জলে চরে যে।

(গ) শব্দার্থের উৎকর্ষ এবং শব্দার্থের অপকর্ষ বলতে কী বোঝো ? উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

Maynaguri College Library

(ঘ) নির্দেশ অনুসারে বাক্য ও বাচ্য পরিবর্তন করোঃ

(অ) আমি মরিলে সে মরিবে। (জটিল বাক্যে রূপান্তর)

(আ) তাহাদের চিনি না। (ইতিবাচক বাক্যে রূপান্তর)

(ই) যদি সে আসে তাহলে আমি যাবো। (সরল বাক্যে রূপান্তর)

(ঈ) তোমায় একটি খেলনা দিবো। (ভাববাচ্যে)

(উ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় 'পল্লীসমাজ' উপন্যাস রচনা করেছেন। (কর্মবাচ্যে)

(ঊ) আমার বাড়ি যাওয়া হবে না। (কর্তৃবাচ্যে)

(ঙ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ (যে-কোনো *দুটি*)

অভিশ্রুতি, বর্ণবিপর্যয়, জোড়কলম শব্দ।

(চ) কর্মকারক কাকে বলে ? উদাহরণ সহযোগে এই কারক সম্পর্কে আলোচনা করো।

৩। নিম্নলিখিত যে-কোনো *দুটি* প্রশ্নের উত্তর দাওঃ ১২×২=২৪

(ক) ধ্বনি পরিবর্তনের প্রধান ধারাগুলির উদাহরণসহ পরিচয় দাও।

(খ) উপসর্গ এবং অনুসর্গ কাকে বলে ? উদাহরণসহ উপসর্গ এবং অনুসর্গ-এর পার্থক্যগুলি চিহ্নিত করো।

(গ) ক্রিয়ার কাল কাকে বলে ? ক্রিয়ার কাল কত প্রকার ও কী কী — উদাহরণসহ আলোচনা করো।

(ঘ) উচ্চারণের প্রকার ও রীতি অনুসারে বাংলা ব্যঞ্জনধ্বনিগুলির আলোচনা করো।

——×——

Maynaguri College Library